

নং-০৫.৫০.১০০০.০০১.১২.০০৭.২৩- ১৩৯২

তারিখ: ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

### গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে, আগামী ০৭ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে বগুড়া জেলার ০৭টি সংসদীয় আসনে নির্বাচনের উদ্দেশ্যে ভোটগ্রহণের দিন ধার্য রয়েছে।


২। গণ-প্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ৭৮ অনুসারে ভোটগ্রহণ শুরুর ৪৮ ঘন্টা পূর্ব হতে ভোটগ্রহণ শেষ হওয়ার পরবর্তী ৪৮ ঘন্টা সময়ের মধ্যে অর্থাৎ ০৫ জানুয়ারি ২০২৪ তারিখ সকাল ৮:০০ ঘটিকা হতে ০৯ জানুয়ারি ২০২৪ তারিখ বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত সময়ের মধ্যে বগুড়া জেলার সকল সংসদীয় নির্বাচনী এলাকায় কোন জনসভা আহবান বা উহাতে যোগাদান করিতে এবং কোন ব্যক্তি কোন মিছিল বা শোভাযাত্রা সংগঠিত করিতে বা ইহাতে যোগাদান করিতে পারিবেন না এবং উল্লিখিত সময়ের মধ্যে কোন ব্যক্তি-

(ক) কোনো আক্রমণাত্মক কার্য বা বিশৃঙ্খলামূলক আচরণ করিতে পারিবেন না;

(খ) ভোটের বা নির্বাচনী কার্যে নিয়োজিত বা দায়িত্ব পালনরত ব্যক্তিগণকে হুমকি বা ভীতিপ্রদর্শন করিতে পারিবেন না;

(গ) কোনো অস্ত্র বা শক্তি প্রদর্শন বা ব্যবহার করিতে পারিবেন না।

৩। এ আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


  
(মোঃ সাইফুল ইসলাম)  
জেলা ম্যাজিস্ট্রেট  
বগুড়া।

নং-০৫.৫০.১০০০.০০১.১২.০০৭.২৩- ১৩৯২

তারিখ: ১১ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ  
২৬ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৫। পুলিশ সুপার, বগুড়া।
- ০৬। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া।
- ০৭। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া ও সহকারী রিটার্নিং অফিসার।
- ০৮। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, বগুড়া।
- ০৯। সিনিয়র জেলা তথ্য অফিসার, বগুড়া [তাকে বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট নির্বাচনী এলাকায় মাইকযোগে ব্যাপক প্রচারসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারের অনুরোধসহ]।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল), বগুড়া ও সহকারী রিটার্নিং অফিসার [বিজ্ঞপ্তিটি আবশ্যিকভাবে জরুরি ভিত্তিতে তার অধিক্ষেত্রের ইলেক্ট্রনিক মিডিয়ায় (স্থানীয় ডিস চ্যানেল) বহুল প্রচারসহ ইউপি চেয়ারম্যান এর মাধ্যমে মাইকিং করে প্রচারপূর্বক অগ্রগতির প্রতিবেদন প্রেরণের অনুরোধসহ]।
- ১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া [ বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের জন্য বলা হলো]।
- ১২। অফিসার ইনচার্জ (সকল থানা), বগুড়া [ বিজ্ঞপ্তিটি তার থানা অধিক্ষেত্রে বহুল প্রচারের অনুরোধসহ]।
- ১৩। প্রতিদ্বন্দ্বী প্রার্থী (সকল), দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন।
- ১৪। সভাপতি/সাধারণ সম্পাদক, ..... , প্রেস ক্লাব, বগুড়া।
- ১৫। নোটিশ বোর্ড, জেলা প্রশাসকের কার্যালয়, বগুড়া।
- ১৬। অফিস কপি।

  
জেলা ম্যাজিস্ট্রেট  
বগুড়া।